মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ১১

মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ১১ আসামি গ্রেফতার হয়েছেন।

গ্রেফতারকৃত আসামিদের মধ্যে মেহেরপুর মুজিবনগর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ৪, নিয়মিত মামলায় ২ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ১ আসামি ও সদর থানা পুলিশ নিয়মিত মামলায় ৪ আসামি গ্রেফতার করেছেন।

শুক্রবার সকাল থেকে আজ শনিবার (১৩ মে) ভোররাত পর্যন্ত তিনটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের একাধিক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের একাধিক টিম গ্রেফতার অভিযানে অংশ নেন।

শনিবার (১৩ মে) সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৬

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার হয়েছেন। গ্রেফতারকৃত আসামিদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ ও গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৫ আসামি গ্রেফতার করেছেন।
বৃহস্পতিবার সকাল থেকে আজ শুক্রবার ভোররাত পর্যন্ত দুটি উপজেলার

বিভিন্ন স্থানে পুলিশের একাধিক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।
সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের একাধিক টিম গ্রেফতার অভিযানে অংশ নেন।
শুক্রবার সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৮

মেহেরপুর সদর ও মুজিবনগর থানার গত ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে নিয়মিত ও আদালতের পরোয়ানাভূক্ত ৮ আসামি গ্রেফতার হয়েছে। বুধবার সকাল থেকে আজ বৃহস্পতিবার (১১ মে) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।
মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার হয়।
গ্রেফতারকৃতদের মধ্যে মুজিবনগর থানা পুলিশ নিয়মিত মামলায় ২ ও আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ১জন, সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ২ জন, আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ১ ও জিআর মামলায় ২ জন গ্রেফতার হয়েছে।
মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করেছেন।
গ্রেফতারকৃত আসামিদের আজ বৃহস্পতিবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছ্
◌ে

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৬

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার হয়েছে।
এদের মধ্যে নিয়মিত মামলার ৪, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ১ ও পুলিশের দায়ের করা ১৫১ ধারায় ১ জন আসামি রয়েছে।
সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে রবিবার সকাল থেকে আজ সোমবার (৮ মে) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়েছে। এদের মধ্যে সদর থানা পুলিশ নিয়মিত মামলায় ১ ও পুলিশের দায়ের করা ১৫১ ধারায় ১ জনসহ ২ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩ ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ আসামি গ্রেফতার করেছে।
গাংনী থানা ও সদর থানা পুলিশের সূত্র এই তথ্য নিশ্চিত করেছেন। গ্রেফতারকৃতদের আজ সোমবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনী উপজেলা যুবদলের সাধারণ সম্পাদক গ্রেফতার

নাশকতার মামলায় গাংনী উপজেলা যুবদলের সাধারণ সম্পাদক জাহিদুল ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ। যুবদল নেতা জাহিদুল ইসলাম গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের মছের উদ্দীন সর্দারের ছেলে।

বামন্দী পুলিশ ফাঁড়ির ইনচার্জ উপপরিদর্শক (এসআই) ইস্রাফিল সঙ্গীয় ফোর্সসহ আজ রবিবার দিবাগত রাতে বামন্দী বাজারে অভিযান চালিয়ে

জাহিদকে গ্রেফতার করে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

ওসি আব্দুর রাজ্জাক জানান, সরকার বিরোধী নাশকতার পরিকল্পনা মামলায় জাহিদকে গ্রেফতার করা হয়েছে।

এদিকে গাংনী উপজেলা যুবদলের পক্ষ থেকে জানানো হয়েছে বিনা উস্কানিতে মিথ্যা মামলায় যুবদলের এই নেতাকে গ্রেফতার করেছে পুলিশ।

গ্রেফতারকৃত যুবদল নেতা জাহিদুলকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৮

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৮ আসামি গ্রেফতার করেছেন।
এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে পুরাতন মামলায় ৩ ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ জন, মেহেরপুর সদর থানা ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ৪ আসামি গ্রেফতার হয়েছে।

শুক্রবার সকাল থেকে আজ শনিবার (৫ মে) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন পুলিশ। সংশ্লিষ্ট থানা সূত্র এই তথ্য নিশ্চিত করেছেন।
আসামিদের আজ শনিবার সকালের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

ঝিনাইদহে রাতের আঁধারে ঘুমন্ত নারীদের আপত্তিকর ভিডিও ধারণ, গ্রেফতার

ঝিনাইদহের শৈলকুপায় রাতের আঁধারে ঘুমন্ত নারীদের নগ্ন-অর্ধনগ্ন ভিডিও ও ছবি ধারণ করায় প্রেমিকাসহ এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল বৃহস্পতিবার (৪ মে) রাতে জেলা পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল শৈলকুপা উপজেলার সাপখোলা গ্রাম থেকে তাদেরকে গ্রেফতার করে। গ্রেফতাররা হলেন-সাপখোলা গ্রামের আদিল উদ্দিন খাঁর ছেলে জুলকার খাঁ (৩২) ও তার প্রেমিকা শামছুল বিশ্বাসের মেয়ে জান্নাতি খাতুন (২০)।

আজ শুক্রবার (৫ মে) সকালে ঝিনাইদহের পুলিশ সুপার আশিকুর রহমান এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান।

বিজ্ঞপ্তিতে বলা হয়, শৈলকুপা উপজেলার সাপখোলা গ্রামে মামুন ফেরদৌসের বাড়ির জানালা দিয়ে কে বা কারা তার ঘুমন্ত স্ত্রী ও কন্যার ভিডিও করছিল। এ সময় মোবাইলের ফ্লাস লাইটের আলো জ্বলে উঠলে ফেরদৌস ঘরের ভেতর অজ্ঞাত যুবকের হাত চেপে ধরে। এতে মোবাইল ফোন ফেলে পালিয়ে যায়। পরে ফেলে যাওয়া মোবাইলে সাপখোলা গ্রামের প্রায় অর্ধশত নারীর আপত্তিকর ভিডিও ও ছবি পাওয়া যায়। ৪ মে ফেরদৌস বাদী হয়ে শৈলকুপা থানায় পর্নোগ্রাফি আইনে অজ্ঞাতদের আসামি করে মামলা দায়ের করেন। পরে পুলিশেল সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল তথ্য প্রযুক্তি ব্যবহার করে ২ আসামিকে গ্রেফতার করে।

পুলিশ সুপার বলেন, আসামি জুলকার খাঁ তার প্রেমিকা জান্নাতি খাতুনের মোবাইল দিয়ে পরিকল্পনা করে রাতের আঁধারে ঘুমন্ত অবস্থায় নারীদের আপত্তিকর ছবি ও ভিডিও ধারণ করে। মূলত এসব ভিডিও ও ছবির মাধ্যমে ব্ল্যাকমেইল করে শারীরিক সম্পর্ক স্থাপন ও টাকা হাতিয়ে নেওয়ায় তাদের উদ্দেশ্য ছিল।

মেহেরপুরে সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

মাদক মামলায় এক বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি রিহানকে গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ। রিহান মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামের ডাক্তারপাড়া এলাকার করিম মন্ডলের ছেলে।

গতকাল মঙ্গলবার দিবাগত রাতে মেহেরপুর সদর থানার সহকারি উপপরিদর্শক (এএসআই) শাকিল খান সঙ্গীয় ফোর্সসহ তার বাড়িতে অভিযান চালিয়ে রিহানকে গ্রেফতার করেন। তার বিরুদ্ধে মামলা নং জিআর ২৮০/১৫।

গ্রেফতারকৃত রিহানকে আজ বুধবার (৩ মে) সকালের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে ২ আসামি গ্রেফতার করেছে পুলিশ

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের অভিযানে দুই আসামি গ্রেফতার হয়েছে।
গ্রেফতারকৃতদের মধ্যে রয়েছে মাদক মামলার ১ ও হত্যা মামলার ১ আসামি।
গাংনী থানা পুলিশের অভিযানে ১১০ গ্রাম গাঁজাসহ ১ জনকে গ্রেফতার ও মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে হত্যা মামলার পলাতক আসামি গ্রেফতার হয়েছে।
গাংনী থানা ও মেহেরপুর সদর থানা পুলিশ এই তথ্য নিশ্চিত করেছেন। গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরের রাইপুরে প্রবাসফেরত শফিকুল হত্যার প্রধান আসামি গ্রেফতার

মেহেরপুর সদর উপজেলার রাইপুর গ্রামে পূর্ব শত্রুতার জের ধরে সৌদি প্রবাসী শরিফুল ইসলাম হত্যা মামলার প্রধান আসামি এনামুল হক খোকন (৪০) কে হত্যার ৮ দিন পর চুয়াডাঙ্গা থেকে গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

গতকাল শনিবার রাতে মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) ও সদর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে সদর থানা পুলিশের একটি টিম তাকে চুয়াডাঙ্গা থেকে গ্রেফতার করে। আটক এনামুল হক খোকন সদর উপজেলার রায়পুর গ্রামের আকছেদ আলীর ছেলে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে চুয়াডাঙ্গা সদর থানা এলাকা থেকে তাকে আটক করা হয়। এসময় তার নিকট থেকে হত্যায় ব্যবহৃত দেশিও অস্ত্র হাসুয়া উদ্ধার করা হয়। তিনি আরো জানান, আসামিকে আদালতের মাধ্যমে জেলা কারাগারে পাঠানো হবে। এই হত্যাকান্ডের ঘটনা তদন্ত চলমান রয়েছে আরও কেউ জড়িত থাকলে তাদেরকে গ্রেফতার করা হবে।

প্রসঙ্গত, গত ২০ শে এপ্রিল বিকেলে মেহেরপুর সদর উপজেলার রাইপুর হাতিকাটা মোড়ে ডেকে নিয়ে গিয়ে এনামুলসহ কয়েকজন মিলে হাসুয়া দিয়ে শরিফুল ইসলাম কে কুপিয়ে আহত করে। এসময় স্থানীয়রা তাকে মুমূর্ষ অবস্থায় উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করে। পরে চিকিৎসাধিন অবস্থায় তার মৃত্যু হয়।

এ ঘটনায় নিহত শরিফুলের চাচা আমদহ ইউনিয়নের সাবেক সদস্য কাবুল আলী বাদী হয়ে মেহেরপুর সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।